04 MAR 2017

দৈনিক
ইত্তেফাক

নর্থ সাউথ শিক্ষার্থীকে পিটুনি

# আপাতত পরিস্থিতি শান্ত

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার নিরাপত্তারক্ষীদের পিটুনিতে এক ছাত্র আহত হওয়ার ঘটনায় পরিস্থিতি আপাতত শান্ত রয়েছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা বেলাল আহমেদ। তিনি বলেন, পরিস্থিতি স্বাভাবিক রাখতে গতকাল একদিনের জন্য ক্লাস বন্ধ ঘোষণা করা হয়। আগামীকাল থেকে পূর্ণ ক্লাস শুরু হবে।

বেলাল আহমেদ আরো বলেন, আহত শিক্ষার্থী শাহরিয়ার হাসনাত তপু বর্তমানে এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তার শারীরিক অবস্থা আগের চেয়ে ভালো। বসুন্ধরা গ্রুপ তার সমস্ত ব্যয় বহন করছে। মামলার বিষয়ে তিনি বলেন, আপাতত পরিস্থিতি শান্ত রয়েছে। বৃহস্পতিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বসুন্ধরা গ্রুপ কর্তৃপক্ষ ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে। বসুন্ধরা গ্রুপ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের বেশ কয়েকটি দাবি মেনে নিয়েছে। আপাতত তারা মামলার দিকে যাচ্ছেন না বলে জানান তিনি।

এ বিষয়ে ভাটারা থানার ওসি নুরুল মোত্তাকিন বলেন, ওই ঘটনায় কোনো পক্ষ অভিযোগ নিয়ে আসেনি। তারা অভিযোগ দিলে মামলা নেওয়া হবে বলে তিনি জানান।

উল্লেখ্য, গত বুধবার রাত ১১টায় নিরাপত্তারক্ষীদের মারধরে আহত হন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বিবিএ'র ৬ষ্ঠ সেমিস্টারের শিক্ষার্থী শাহরিয়ার হাসনাত তপু। পরের দিন সকাল থেকে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালনের ঘোষণা দেয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে। সকালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের মানববন্ধন কর্মসূচিতে বাধা দিলে অবরোধ, বিক্ষোভ ও ভাঙচুরের ঘটনা আশপাশের এলাকায় ছড়িয়ে পড়ে। উদ্ভূত পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, বসুন্ধরা গ্রুপ এবং পুলিশের মধ্যে ত্রিপাক্ষিক বৈঠক শেষে ওই ঘটনায় বসুন্ধরা গ্রুপ দুঃখ প্রকাশ করে। শিক্ষার্থীদের দাবি মেনে নেয়।